মেহেরপুরে ১ নং ওয়ার্ড বিএনপির কর্মী সমাবেশ

বিএনপি কেন্দ্র ঘোষিত প্রতিক্রিয়া দলের পূর্ণগঠন জাতীয় স্থায়ীয় পর্যায়ের সকল চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষমতা অর্জনের মেহেরপুর পৌরসভা ১ নং ওয়ার্ড বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার রাত ৭ টার দিকে মেহেরপুর পৌরসভা ১ নং ওয়ার্ড পৌর বিএনপির উদ্যোগে আয়োজনে পাবলিক লাইব্রারী চত্বর কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়। মেহেরপুর পৌরসভা কর্মী সমাবেশে জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন, প্রধান বক্তার বলেন, গত ১৭ বছর ফ্যাসিবাদী আওয়ামী লীগ সরকার ধর্মকে পুঁজি করে রাজনীতি করেছে।

আমরা লক্ষ্য করেছি আওয়ামী লীগের দোসরা হিন্দু উপাসনা গুলোই হামলা চালিয়ে আমাদের মুসলিম ভাইদের উপর দোষ চাপিয়ে দিত। এর কারণ ছিল তারা যেন হিন্দু মুসলিম দাঙ্গা বাঁধিয়ে দেশে ফ্যাসিবাদ স্বৈরশাসকের রাজত্ব কায়েম করতে পারে। আপনারা দেখেছেন ৫ই আগস্টের পর তারেক রহমানের নির্দেশে বিএনপি তাদের পাড়া মহল্লায় রাত জেগে হিন্দু উপাসলায় ও তাদের বাড়িঘর পাহারা দিয়েছে। বিএনপি ধর্মীয় নিরাপত্তা সর্বোচ্চ প্রদান করবে। যার যা ধর্ম সে নির্বিঘ্নে পালন করবে।কে মুসলমান কে হিন্দু কে খ্রিস্টান এটা আমাদের পরিচয় নয়,আমাদের পরিচয় আমরা বাংলাদেশী। রাষ্ট্রকাঠামো মেরামতের যে ৩১ দফা তারেক রহমান দিয়েছেন তা বাস্তবায়ন করার লক্ষ্যে ধর্মবর্ণ নির্বিশেষে আমাদের কাজ করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ। কর্মী সমাবেশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায়।

কর্মী সমাবেশ অনুষ্ঠানে এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা

বিএনপির আহবায়ক কমিটি সদস্য মোঃ আলমগীর খান সাতু আনছারুল খাইরুল বাশার, হাফিজুর রহমান, মোছাঃ রোমানা আহম্মদ, ওমর ফারুক লিটন, গনিউল আজম প্রমুখ।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের কাওছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, কেন্দ্রীয় যুবদলের তথ্য ও প্রযুক্তি বিষয়ক সহ সম্পাদক ইমরান আহমেদ প্রিন্স, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান ফিরোজ, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স,

সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা মোশিউল আলম দিপু, আব্দুল লতিফ, দবির উদ্দিন আশাদুল ইসলাম, নুরুল ইসলাম মুকুল, জনি,সহ পৌর বিএনপি ১ নং ওয়ার্ড নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌরসভা ১ নং ওয়ার্ডে বিএনপি’র অফিস উদ্বোধন

মেহেরপুর পৌরসভা ১ নং ওয়ার্ডের বিএনপির অফিস উদ্বোধন করা হয়।

গতকাল মঙ্গলবার রাত ৮টার দিকে মেহেরপুর সদর উপজেলা পৌরসভায় ১ নং ওয়ার্ডের বিএনপি’র নতুন পাড়া মোড় অফিস উদ্বোধন করা হয়েছে।

অফিস উদ্বোধনে বিএনপি ১ নং ওয়ার্ডের সভাপতি হাবিব ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক কমিটি সদস্য মোঃ মাসুদ অরুণ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ন আহবায়ক জাহাঙ্গীর বিশ্বাস আনোয়ারুল ইসলাম কালু, মিরাজুল ইসলাম, এম এ বারী ফারুক, মুক্তা

প্রমুখ পৌরসভা ১ নং ওয়ার্ডের নেতা কর্মী উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার ১ নং ওয়ার্ডে নৌকার মিছিল ও পথসভা অনুষ্ঠিত

দ্বাদশ জাতীয় সংসদ নির্বিচনে চুয়াডাঙ্গা-১ আসনের প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের নৌকা প্রতিকের পক্ষে আলমডাঙ্গায় নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সন্ধ্যায় পৌরসভার ১নং ওয়ার্ডের স্টেশন এলাকায় এ পথসভা অনুষ্ঠিত হয়। ১নং ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে অনুষ্ঠিত নৌকা প্রতিকের এ পথসভার পূর্বে বিকেল সাড়ে ৫ টার দিকে একটি নির্বাচনি মিছিল এলাকার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় বক্তাগণ বলেন,নৌকা হলো উন্নয়ন ও অগ্রগতির প্রতিক। নৌকা বিজয়ী হলেই দেশের উন্নয়ন হয়। আজকে এই ১৫ বছরে আওয়ামীলীগ সরকার দেশে যে উন্নয়ন করেছে,তা আপনাদের কারো অজানা নয়। উন্নয়নের এই ধারা অব্যাহত রাখতে আবারও নৌকায় ভোট দিতে হবে। ছেলুন জোয়ার্দ্দারকে বিজয়ী করে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে।

১নং ওয়ার্ডের কাউন্সিলর উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আলাল উদ্দিনের সভাপতিত্বে বক্তব্য রাখেন ৩ নং ওয়ার্ড কাউন্সিলর ও সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম স্বপন, গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক সামসুল ইসলাম সামু, দপ্তর সম্পাদক রিপন, চিৎলা ইউনিয়ন যুবলীগ নেতা টিটু, উপজেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক রিমন, প্রচার সম্পাদক আলো, ছাত্রলীগ নেতা শান্ত, জিংকু, সৌরভ, রাজন, পিয়াস, তোতা, দেলোয়ার হোসেন, মামুন, শাহিন প্রমুখ।